

‘আপন ঘর’ একটি স্বয়ংসম্পূর্ণ সমাধান

ফিরোজ আহমেদ খান

হেড অব রিটেইল ব্যাংকিং, ব্র্যাক ব্যাংক

সাধ ও সাধ্যের মধ্যে সর্বোত্তম আবাস খুঁজে বের করতে সহায়তা দিয়ে থাকে ব্র্যাক ব্যাংক লিমিটেড। এ ব্যাংকের গৃহঋণ সম্পর্কে বলেছেন রিটেইল ব্যাংকিং বিভাগের প্রধান ফিরোজ আহমেদ খান।



ব্র্যাক ব্যাংক গৃহঋণ সম্পর্কে বলুন।

ফিরোজ আহমেদ খান: ব্র্যাক ব্যাংকের হোম লোন প্রোডাক্ট ‘আপন ঘর’ গ্রাহকদের জন্য একটি ভিন্নমাত্রার গৃহঋণ সমাধান। এটি শুধু একটি ঋণই নয়, বরং পাঁচটি সেবাসমৃদ্ধ একটি স্বয়ংসম্পূর্ণ সমাধান— একেবারে বিনা খরচে। নিজের আবাসটি খোঁজা থেকে শুরু করে ঘরে ওঠা পর্যন্ত আপনার সঙ্গে থাকছে ব্যাংকের ব্যক্তিগত প্রতিনিধি। সেই সঙ্গে পাচ্ছেন দেশের সেরা প্রতিষ্ঠানগুলোর বিভিন্ন আকর্ষণীয় অফার, যেমন— গৃহাভ্যন্তরের সাজসজ্জা, মানানসই আসবাব, গৃহস্থালি যন্ত্রপাতি, রঙ ও জানালার সাজসজ্জা, আলোকসজ্জা, টাইলস-মার্বেল প্রভৃতি।

আপন ঘর গ্রাহকদের দেবে স্বল্পতম সময়ে ঋণ পাওয়ার ব্যবস্থা, প্রকৃত বাড়ির ঠিকানা, ন্যূনতম কাগজপত্রে ঋণ প্রক্রিয়াকরণ।

অনেকেই বলেন গৃহঋণে অনেক হিডেন কস্ট থাকে। এ বিষয়ে আপনার মতামত কী?

ফিরোজ আহমেদ খান: আমাদের কোনো হিডেন

কস্ট নেই। সবসময়ই আমরা ঋণ সংক্রান্ত চার্জের ব্যাপারে স্বচ্ছ থাকি। আমাদের সব চার্জ ওয়েবসাইটে প্রকাশিত থাকে।

গৃহঋণ সেবা দিতে কী কী সমস্যার সম্মুখীন হচ্ছেন?

ফিরোজ আহমেদ খান: বর্তমান বাজার মূল্যে ফ্ল্যাট ক্রয় বা বাড়ি নির্মাণ সাধারণ মানুষের সাধ্যের

বাইরে। আর আমাদের সর্বোচ্চ ঋণ দেয়ার অনুমতি আছে এক কোটি টাকা পর্যন্ত, যার কারণে গ্রাহকরা যতটুকু ঋণ চাইছেন, তা সবসময় আমাদের পক্ষে দেয়া সম্ভব হয় না।

গৃহঋণ জনপ্রিয় করতে আপনারা কী কী উদ্যোগ নিচ্ছেন? গ্রাহকরা কেন ব্র্যাক ব্যাংকের গৃহঋণ নিতে আগ্রহী হবেন?

ফিরোজ আহমেদ খান: আপন ঘরকে জনপ্রিয় করতে আমাদের অনেক উদ্যোগের একটি হলো— বিভিন্ন স্বনামধন্য রিয়েল এস্টেট এজেন্সি ও বাড়ি করার জন্য প্রয়োজনীয় সেবা প্রতিষ্ঠানগুলোর সঙ্গে টাইআপ করা। আপন ঘর এমনভাবে সাজানো যে, একজন গ্রাহক বাড়ি তৈরির সময় সব ধরনের সাপোর্ট আমাদের পার্টনারদের কাছ থেকেই পাবেন। এ জন্য গ্রাহকরা ব্র্যাক ব্যাংকের গৃহঋণ নিতে আগ্রহী হবেন বলে আমি মনে করি।

অনুলিখন: সাকিব তনু